

এক পঙ্গু লোক যীশুর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন

শিশুদের শিক্ষা দিন যে যীশু খ্রীষ্ট তাদের রক্ষা করেন।

শিশুদের শিক্ষণ ক্রিয়াকলাপের যে কোন একটি পছন্দ করুন।

মার্ক ২ঃ১-১২ পদ থেকে এক পঙ্গু লোক যিনি যীশুর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন, সেই গল্পটি একজন বড় শিশু অথবা শিক্ষককে পাঠ করতে দিন। আমরা কিভাবে আমাদের বন্ধুদের পরিত্রাণের জন্য যীশুর সঙ্গে সাক্ষাৎ করতে সাহায্য করতে পারি সেই বিষয় এই গল্পটি শিক্ষা দেয়। গল্পটি বলার পর নিম্নলিখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করুনঃ

- তারা যখন শুনেছিলেন যে যীশু সেখানে এসেছেন, তখন যীশু কি করছিলেন? (২ পদ দেখুন)
- অসুস্থ লোকটির বন্ধুরা কিভাবে তাকে যীশুর কাছে এনেছিলেন? (৪)
- যীশু সেই লোকটির বন্ধুদের মধ্যে কি লক্ষ্য করেছিলেন? (৫)
- যীশু সেই অসুস্থ লোকটিকে প্রথমে কি বলেছিলেন? (৫)
- ব্যবস্থার গুরুরা যীশুর 'কথার' বিষয়ে কি ভেবেছিলেন? (৭)
- যীশু কিভাবে দেখিয়ে ছিলেন যে তাঁর লোকদের পাপ ক্ষমা করার শক্তি আছে? (১০-১২)

মার্ক ২ঃ১-১২ পদে যীশুর এক পঙ্গুকে সুস্থ করার ঘটনাটি নাটকে পরিণত করুন। নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সময় দিন। আপনার সমস্ত অংশগুলো ব্যবহার করার প্রয়োজন নেই।

- বড় শিশুদের অথবা প্রাপ্ত-বয়স্কদের নিম্নলিখিত চরিত্রগুলো অভিনয় করতে দিনঃ
বর্ণনাকারীঃ গল্পটি বলবেন এবং অভিনেতাদের পাঠ মুখস্থ করতে সাহায্য করবেন।

যীশু

ছোট শিশুদের নিম্নলিখিত চরিত্রগুলোতে অভিনয় করতে দিনঃ

পঙ্গু লোক

চার বন্ধু

লোক

ব্যবস্থা গুরু।

নাটক, ভাগ ১, মার্ক ২ঃ১-৪

বর্ণনাকারীঃ গল্পের প্রথম ভাগটি বলবেন (১-৪ পদ)। তারপর বলবেন, “শুনুন অসুস্থ লোকটির বন্ধুরা কিবলবেন।”

বন্ধু ১ঃ “এ ঘরটায় যীশু আছেন। চল, আমরা আমাদের পঙ্গু বন্ধুকে যীশুর কাছে নিয়ে যাই। যীশু তাকে সুস্থ করতে পারেন।”
(চারজন বন্ধু অসুস্থ লোকটিকে বহন করার ভান করবে।)

বন্ধু ২ঃ “কিন্তু ঘরে অনেক লোকের ভীড়!” “কিভাবে ভেতরে ঢুকবো?”

বন্ধু ৩ঃ “কিভাবে আমরা আমাদের বন্ধুকে ঘরের মধ্যে বয়ে নিয়ে যাব?”

বন্ধু ৪ঃ “চল, আমরা ছাদে উঠে গিয়ে একটা গর্ত করি। তারপর আমরা সেই গর্তের মধ্যে দিয়ে তাকে দড়িতে করে নিচে নামিয়ে দেব।” বন্ধুগণঃ (চারজনই) চেয়ার বা টেবিলের ওপর উঠে ছাদ থেকে টালি সরানোর ভান করতে হবে।

নাটক, ভাগ ২, মার্ক ২ঃ৫-৭

বর্ণনাকারীঃ গল্পের দ্বিতীয় ভাগটি বলতে হবে (৫-৭ পদ)। তারপর বলবে, “শুনুন, লোকটি কি বলছেন।”

লোকটিঃ “দেখ! এ লোকগুলো ছাদের মধ্যে গর্ত করছে!”

“আরে, আমার গায়ে ধুলোবালি পড়ছে!”

“দেখ! তারা একটি শয্যায় কোন একজন ব্যক্তিকে নিচে নামিয়ে দিচ্ছে।”

“এটাতো আমার মাথার ওপর নেমে আসছে দেখছি।”

“সরে যাও! তাকে কিছটা জায়গা করে দাও।”

পঙ্গু লোকঃ চারজন বন্ধু যেখানে কাজ করছিল তার ঠিক নিচে শুয়ে থাকেন।

যীশুঃ ওপরে তাকিয়ে বলবেন, “বন্ধুরা, আমি তোমাদের বিশ্বাস দেখেছি।” (নিচের দিকে তাকিয়ে লোকটিকে স্পর্শ করবেন) বলবেন, “পুত্র, তোমার পাপ ক্ষমা করা হয়েছে।”

শিক্ষক : ক্রোধের সঙ্গে কথা বলবেন। বলবেন, “কিভাবে এই ব্যক্তি পাপের ক্ষমা করতে পারেন? তিনি নিজেকে কি মনে করেন?”

নাটক, ভাগ ৩, মার্ক ২৫৮-১২

বর্ণনাকারী : গল্পের ৩য় ভাগটি বলবেন (৮-১২ পদ)। বলবেন, “শুনুন যীশু কিবলছেন।”

যীশু : জনতাকে বলবেন : “আমি তোমাদের দেখাব যে আমি পাপ ক্ষমা করতে পারি।” পঙ্গু ব্যক্তিকে বলবেন : “ওঠ, এবং হেঁটে যাও!”

পঙ্গু লোকটি : লাফিয়ে উঠে বলবেন, “ঈশ্বরের গৌরব হোক, আমি হাঁটতে পারছি।” (এদিক ওদিক হাঁটবে।) “দেখ! আমি আর পঙ্গু নই! আমার পাপ ক্ষমা করা হয়েছে!”

লোকেরা : “ঈশ্বরের প্রশংসা হোক!” “আমরা কখন এমন হতে দেখিনি!”

বর্ণনাকারী : নাটকটির সমাপ্তি ঘোষণা করবেন। নাটকটি করতে যারা সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ দেবেন।

বড়দের শোনার জন্য ধন্যবাদ দেবেন।

শিশুদের জন্য উপাসক মণ্ডলীর নেতাদের সঙ্গে আয়োজন করুন...

- আরাধনার সময় বড়দের জন্য নাটকটি উপস্থাপন করতে।
- এই অধ্যয়নের শুরুতে প্রদত্ত তালিকা অনুসারে বড়দের প্রশ্ন জিজ্ঞাসা করতে।
- কবিতা অথবা তারা যা কিছু প্রস্তুত করেছে তা উপস্থাপন করতে।

কবিতা : তিনজন শিশুর প্রত্যেকে গীত ২৫ঃ১,২ এবং ৭ পদগুলো থেকে এক একটি পদ আবৃত্তি করতে দিন।

“সদাপ্রভু, তোমারই দিকে আমি নিজ প্রাণ উত্তোলন করি।”

“হে আমার ঈশ্বর, আমি তোমারই শরণ লইয়াছি, আমাকে লজ্জিত হইতে দিও না,

আমার শত্রুগণ আমার উপরে উল্লাস না করুক।”

“আমার যৌবনের পাপ ও আমার অধর্ম সকল স্মরণ করিও না,

সদাপ্রভু, তোমার মঙ্গলভাবের অনুরোধে তোমার দয়ানুসারে আমাকে স্মরণ কর।”



একটি শয্যার ছবি আঁকুন।

- ছোট শিশুদের নকল করার কাজে বড় শিশুদের সাহায্য করতে বলুন। আরাধনার সময় তারা ছবিগুলো বড়দের দেখাতে পারেন।
- তাদেরকে ব্যাখ্যা করতে দিন যে শূণ্য কবর দেখায় যে ঈশ্বর কিভাবে আমাদের মন্দ এবং অসুস্থতার সকল প্রকার ফল থেকে রক্ষা করে।

ব্যাখ্যা করুন : আমরা যদিও এই জীবনে দুঃখভোগ করি, তথাপি যীশু আমাদের যে নূতন, সুন্দর জীবন দান করেন তা চিরকালের জন্য স্থায়ী হয়।

লুক ১৯ঃ১০ পদটি মুখস্থ করুন।

কবিতা : তিনজন শিশুর প্রত্যেককে গীত ২৫ঃ১,২ এবং ৩ পদটি এক একটি করে আবৃত্তি করতে দিন।

বড় শিশুদের একটি কবিতা, গান অথবা ছোট গল্প লিখতে বলুন, অথবা কোন একটি অরোগ্যের বিষয় যা তারা দেখেছেন অথবা যীশু কিভাবে তাদের হৃদয়ে এসেছিলেন সেই বিষয়ে সাক্ষ্য দিতে বলুন।

প্রার্থনা : “প্রিয় প্রভু, মন্দতার সমস্ত দুঃখভোগ থেকে উত্তীর্ণ হতে তোমার শক্তির বিষয়ে আমরা প্রশংসা করি। তুমি কোন সময় আমাদের সুস্থ কর এবং সর্বদা আমাদের পাপ ক্ষমা কর। আমাদের হৃদয় থেকে মন্দতা দূর কর এবং আমাদের নূতন জীবন দানের জন্য তোমাকে ধন্যবাদ দিই। এই জীবন মৃত্যুর পরেও বেঁচে থাকে। আমরা জানি যে আমরা যখন শেষ সময় তোমার সঙ্গে থাকব, তখন সেখানে আর কোন দুঃখভোগ থাকবে না।”

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net